



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রশিক্ষণ পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৯.২৯.৩১৫.২২.২২

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯

১৯ ফেব্রুয়ারি ২০২৩

অফিস আদেশ

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর ৬০তম কনভেনশন আগামী ২৩-০২-২০২৩ হইতে ২৮-০২-২০২৩ ইং পর্যন্ত ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর সদর দপ্তর, রমনা, ঢাকাতে অনুষ্ঠিত হবে। উক্ত কনভেনশনে যোগদানের জন্য বোর্ডের প্রধান প্রকৌশলী ও অতিঃ প্রধান প্রকৌশলীগণকে অনুমতি প্রদান করা হলো।

২। বোর্ডের মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলী ও অতিঃ প্রধান প্রকৌশলীগণকে তাঁদের অধিনস্থ প্রতিটি দপ্তর হতে আইইবি'র সদস্যভূক্ত সর্বোচ্চ ৩ (তিন) জন করে প্রকৌশলীকে উক্ত কনভেনশনে যোগদানের জন্য মনোনয়ন প্রদানের ক্ষমতা প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশল সমিতি অথবা আইইবি'র কেন্দ্রীয় কাউন্সিল ও কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দকে (আইইবি'র সদস্যভূক্ত হবে) অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে তবে মনোনয়ন প্রদানের ক্ষেত্রে দাপ্তরিক কাজে যাতে বিঘ্ন না ঘটে সে বিষয়টি সর্বোচ্চ বিবেচনা করতে হবে। বৈশ্বিক মন্দার কারণে এবং বাজেট বরাদ্দ অপ্রতুলতার কারণে এ বছর সন্মেলনে যোগদানকারী সদস্যদের কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিক ভাতা এবং রেজিস্ট্রেশন ফি প্রদান করা সম্ভব হবে না।

৩। মনোনীত প্রকৌশলীগণের নামের তালিকা প্রশিক্ষণ পরিদপ্তরকে অবহিত করত: সরাসরি সম্মানী সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রে, আইইবি ভবন (২য় তলা) রমনা ঢাকা-১০০০ এর ঠিকানায় প্রেরণ করতে হবে।

৪। মনোনীত প্রকৌশলীগণ উক্ত সন্মেলনে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি হিসেবে বিবেচিত হবেন। কনভেনশনে যোগদানকালীন সময় দাপ্তরিক কাজে নিয়োজিত হিসেবে গণ্য হবেন।

৫। এছাড়াও বাপাউবো ঢাকাস্থ বিভিন্ন দপ্তরে কর্মরত আইইবি এর সদস্যভূক্ত প্রকৌশলীগণকে দাপ্তরিক কাজের কোনরূপ বিঘ্ন না ঘটিয়ে উক্ত সন্মেলনে যোগদানের জন্য অনুমতি প্রদান করা হলো।

৬। কনভেনশনে যোগদানকারী প্রকৌশলীগণের তালিকা অবশ্যই অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

৭। এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

বাংলাদেশ

১৯-২-২০২৩

মোঃ আবদুর রশিদ

পরিচালক

ফোন: ০২-২২২২৩০০২৪

ইমেইল: dg@bwdb.gov.bd


নম্বর: ৪২.০১.০০০০.০২৯.২৯.৩১৫.২২.২২/১(৬৪)

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯

১৯ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলীবাপাউবো.....
- ২) প্রকল্প পরিচালক.....বাপাউবো.....
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলীবাপাউবো.....
- ৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৫) পরিচালক.....বাপাউবো.....
- ৬) সম্মানী সাধারণ সম্মাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি), রমনা, ঢাকা।
- ৭) নির্বাহী প্রকৌশলী.....বাপাউবো.....
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিস্টমতে অনুরোধ করা হলো।)
- ৯) হিসাবরক্ষণ কর্মকর্তা.....বাপাউবো.....
- ১০) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ১১) অফিস/দপ্তর কপি।



১৯-২-২০২৩

মোঃ মূর্শেদ সারোয়ার

সহকারী পরিচালক